গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
বিভাগীয় শ্রম দপ্তর, গ্রেটার রোড, রাজশাহী।
www.dol.rajshahidiv.gov.bd

স্মারক নং-৪০.০২.০০০০.১০৪.৩৪.৯৬০.৯৯ তারিখঃ /০৯/২০২১ খ্রিঃ

বিষয়ঃ **সাধারণ সভায় প্রতিনিধি প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ সাধারন সম্পাদক কর্তৃক স্বাক্ষরিত ০৭/০৯/২০২১ খ্রিঃ তারিখের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের মাধ্যমে "আগ্রাদ্বিগুন সংযুক্ত বাজার দোকান ও আড়ৎ মালামাল পরিবহনকারী শ্রমিক ইউনিয়ন" (রেজিঃ নং- রাজ-৯৬০), আগ্রাদ্বিগুন বাজার, আগ্রাদ্বিগুন, ধামুইরহাট, নওগাঁ এর ত্রি-বার্ষিক সাধারণ সভা আগামী ১৫/০৯/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ১১:০০ ঘটিকায় ইউনিয়ন কার্যালয়ে অনুষ্ঠিত হবে মর্মে অত্র দপ্তরকে অবহিত করা হয়েছে। সাধারণ সভাটি নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনুষ্ঠিত করার জন্য অনুরোধ করা হ'ল।

১) সকল ক্ষেত্রে মাক্স পরিধান নিশ্চিত করা;

২) স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করা; এবং

৩) গঠনতন্ত্রের সংশ্লিষ্ট অনুচ্ছেদ যথাযথভাবে প্রতিপালন করা।

২-০। সভাটি পর্যবেক্ষণ করার জন্য অত্র দপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ আলমুতাজিদুল ইসলাম ও প্রধান সহকারী জনাব বিকাশ নাথকে দায়িত্ব প্রদান করা হ'ল। তাঁরা সাধারণ সভাসহ পরবর্তীতে নির্বাচন সংক্রান্ত সকল কার্যক্রমে উপস্থিত থেকে পর্যবেক্ষণ করবেন এবং নির্বাচন শেষে দ্রুততম সময়ে প্রতিবেদন দাখিল করবেন।

(এস. এম. এনামুল হক)
পরিচালক
ও
রেজিস্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স
ফোন-০৭২১-৭৭২৬২৯
doldlraj17@gmail.com

১। জনাব মোঃ আলমুতাজিদুল ইসলাম
সহকারী পরিচালক
বিভাগীয় শ্রম দপ্তর, রাজশাহী।

২। জনাব বিকাশ নাথ
প্রধান সহকারী
বিভাগীয় শ্রম দপ্তর, রাজশাহী।

স্মারক নং-৪০.০২.০০০০.১০৪.৩৪.৯৬০.৯৯ ৬৭৫/২(৬) তারিখঃ ১৬/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

১। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরনী, বিজয়নগর, ঢাকা।

২। উপজেলা নির্বাহী অফিসার, ধামুইরহাট, নওগাঁ।

৩। অফিসার ইনচার্জ, ধামুইরহাট, নওগাঁ। (প্রয়োজনীয় নিরাপত্তা প্রদানের অনুরোধসহ)।

৪। সভাপতি ও সাধারণ সম্পাদক, আগ্রাদ্বিগুন সংযুক্ত বাজার দোকান ও আড়ৎ মালামাল পরিবহনকারী শ্রমিক ইউনিয়ন (রেজিঃ নং-রাজ-৯৬০), আগ্রাদ্বিগুন বাজার, আগ্রাদ্বিগুন, ধামুইরহাট, নওগাঁ।

৫। জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অত্র দপ্তর (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৬। অফিস কপি।

১৬/০৯/২০২১

(এস.এম.এনামুল হক)
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
বিভাগীয় শ্রম দপ্তর, গ্রেটার রোড, রাজশাহী।
www.dol.rajshahidiv.gov.bd

স্মারক নং- ৪০.০২.০০০০.১০৪.৩১.১২৩.২০০৪-৬৭০ তারিখঃ- ১২/০৯/২০২১ খ্রিঃ

বিষয়: **মরহুম গোলাম রাব্বানী এর পেনশন সংক্রান্ত আবেদনটি ত্রুটিপূর্ণ হওয়ায় ফেরত প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ- ৪০.০২.০০০০.৪১৭.১৩.০১৪.০৫.২৫৬ তারিখঃ- ১০/০৮/২০২১ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রে শ্রম কল্যাণ কেন্দ্র, সপুরা রাজশাহীর অফিস সহায়ক মরহুম গোলাম রাব্বানীর স্ত্রী জনাব পিয়ারা বেগম এর পারিবারিক পেনশন আবেদনটি গত ১১/০৮/২০২১ খ্রিঃ তারিখে অত্র দপ্তরে গৃহীত হয়।

২-০। উক্ত পেনশন সংক্রান্ত আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় মরহুম গোলাম রাব্বানী এর ০৪ (চার) সন্তান। যথা মোঃ হিমেলুজ্জামান, মোসা: রাপিয়া খাতুন, গোলাম রাহিনা ইসলাম (রাহী), ও গোলাম রাগিবা ইসলাম (নিহার)। তাদের সকলের মাতা মোসা: পিয়ারা বেগম বলে প্রেরীত আবেদনে উল্লেখ করা হয়েছে। আবেদনের সাথে বিজ্ঞ আইনজীবী, জনাব মোঃ জহির জামান (জনি) জজ কোর্ট, চাপাইনবাবগঞ্জ কর্তৃক প্রদত্ত উত্তরাধিকার সনদও প্রদান করা হয়েছে। সেখানেও ০৪ (চার) সন্তানের মা হিসেবে মোসা: পিয়ারা বেগমকে উল্লেখ করা হয়েছে।

৩-০। অপরদিকে মরহুম গোলাম রাব্বানীর তালাক প্রাপ্ত স্ত্রী মোসা: হাফিজা খাতুন তাদের দুই সন্তান গোলাম রাহিনা ইসলাম (রাহী) এবং গোলাম রাগিবা ইসলাম (নিহার) এর অভিভাবক হিসেবে দাবী করে পেনশন কেসটি নিষ্পত্তি করার জন্য আবেদন করেছেন।

এমতাবস্থায়, মরহুম গোলাম রাব্বানীর দু'সংসারে দুই জন করে মোট ০৪ (চার) জন সন্তান থাকায় এবং বর্তমানে প্রথম পক্ষের স্ত্রী মোসা: পিয়ারা বেগম ৪ (চার) জনকেই নিজের সন্তানের মা দাবী করাসহ মরহুম গোলাম রাব্বানীর তালাক প্রাপ্ত স্ত্রী মোসা: হাফিজা খাতুন দু'সন্তানের মা হিসেবে অভিবাবকত্ব দাবী করায় পেনশন কেসটি নিষ্পত্তি করতে আবেদন করায় জটিলতা তৈরী হয়েছে। উদ্ভুত জটিলতা নিরসন করে জরুরী ভিত্তিতে যথাযথ রেকর্ডপত্রসহ পেনশন আবেদনটি পুনরায় প্রেরণের নিমিত্ত মূল আবেদনখানা এতদসঙ্গে ফেরত পাঠানো হ'ল।

সংযুক্তঃ- ৩৬ পাতা।

(এস. এম এনামুল হক)
পরিচালক
ফোন:-০৭২১-৭৭২৬২৯

জনাব মোঃ আলমুতাজিদুল ইসলাম
আয়ন ব্যয়ন কর্মকর্তা
শ্রম কল্যাণ কেন্দ্র, সপুরা, রাজশাহী।

স্মারক নং- ৪০.০২.০০০০.১০৪.৩১.১২৩.২০০৪-৬৭০ তারিখঃ- ১২/০৯/২০২১ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হ'ল।

১। মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০।
২। জনাব মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অত্র দপ্তর। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৩। অফিস কপি।

১২/০৯/২০২১

(এস. এম এনামুল হক)
পরিচালক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম অধিদপ্তর
বিভাগীয় শ্রম দপ্তর, গ্রেটার রোড,
রাজশাহী।
www.dol.rajshahidiv.gov.bd

স্মারক নং- ৪০.০২.০০০০.০০০.০৬.০০৩.১৭ তারিখ: ১৩/০৯/২০২১খ্রিঃ

বিষয়ঃ গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ বাস্তবায়নে মাঠ পর্যায়ে গঠিত কমিটি হালনাগাদ করার কারণে উপযুক্ত প্রতিনিধির নাম প্রেরণ প্রসংগে।

সূত্রঃ রাজশাহী সিটি কর্পোরেশনের, স্মারক নং- ৪৬.১২.০০০০.০০৩.০৬.৫৪৫.১৯.১০৯৯/১(২) তাং- ০৯/০৯/২০২১ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সুত্রোক্ত পত্রের প্রেক্ষিতে "গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ বাস্তবায়নের নিমিত্ত গঠিতব্য কমিটিতে সহকারী পরিচালক জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী পরিচালক কে অত্র দপ্তরের প্রতিনিধি হিসাবে মনোনয়ন প্রদান করা হ'ল।

**(এস, এম, এনামুল হক)**
**পরিচালক**
ফোনঃ ০৭২১-৭৭২৬২৯
doldlraj17@gmail.com

**প্রধান নির্বাহী কর্মকর্তা**
রাজশাহী সিটি কর্পোরেশন,
রাজশাহী।

স্মারক নং- ৪০.০২.০০০০.০০০.০৬.০০৩.১৭ ৮৭৬/১(৫) তারিখ: ১৩/০৯/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'লঃ

১. মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০।
২. সচিব, রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী।
৩. জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী পরিচালক, বিভাগীয় শ্রম দপ্তর, রাজশাহী।
৪. মোঃ শফিকুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অত্র দপ্তর। (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
৫. অফিস নথি।

**(এস, এম, এনামুল হক)**
**পরিচালক**